# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

১৬ অগ্রহায়ন ১৪২৮ বঙ্গাব্দ, ০১ ডিসেম্বর ২০২১ খৃস্টাব্দ ।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ৪র্থ সভা ০১.১২.২০২১ তারিখ সকাল ৯.৩০টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর মোস্তফা আজাদ কামাল এবং সভাপতি, শুদ্ধাচার কমিটি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন ঃ

১। প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক (পদার্থ বিদ্যা), ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
২। ড. এএসএম আনিসুর রহমান আখন্দ,পরিচালক, এসএসএস বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৩। এমএস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৪। ড. মো: জাকিরুল ইসলাম, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

সভার শুরুতে শুদ্ধাচার কমিটির সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুসারে সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য-সচিব নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল)-কে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয়ের নির্দেশনামতে, উক্ত কমিটির সদস্য-সচিব সভার অলোচ্যসূচী অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।

**সভার আলোচনা এবং সিদ্ধান্ত নিম্নরূপ:**

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা/ সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | শুদ্ধাচার কমিটির ৩য় সভার কার্যবিবরণী অনুসমর্থন | তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কমিটির ৩য় সভার কার্যবিবরণী সর্ম্পকে আলোচনা হয় | আলোচনান্তে ৩য় সভার কার্যবিবরণী অনুসমর্থন করা হল। |
| ২. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য ২য় ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে আলোচনা | ২য় ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে মতবিনিময় সভার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ০৭.১২.২০২১ তারিখে সকল ডিন ও পরিচালক/বিভাগীয় প্রধান, অডিট সেল, আন্তর্জাতিক প্রোগ্রাম উইং, ইনস্টিউশনাল কোয়ালিটি এসুরেন্স সেল-এর পরিচালক, আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে নিম্নোক্ত আলোচ্যসূচী অনুযায়ী একটি মত বিনিময় সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>i. শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে বিভিন্ন স্কুল/বিভাগ/আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র/সেন্টার /উইং/সেল কর্তৃক ইতোমধ্যে গৃহীত কার্যক্রম সম্পর্কে আলোচনা । |

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা/ সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | | ii. কর্মস্থলের কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য বিভিন্ন স্কুল/বিভাগ/আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র/সেন্টার/উইং/সেল গৃহীত ইতোমধ্যে পদক্ষেপের বিষয়ে আলোচনা ।<br>iii. শুদ্ধাচার বিষয়ক স্লোগান, নীতিবাক্য ও উক্তিসমূহ প্রদানের অগ্রগতি এবং এর আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা।<br>আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অনলাইনে (জুমের মাধ্যমে) সভায় অংশগ্রহণ করবেন।<br><br>শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে বিভিন্ন স্কুল/বিভাগ/আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র /সেন্টার /উইং/সেল কর্তৃক ইতোমধ্যে গৃহীত কার্যক্রমের সমন্বয়ে একটি একটিভিটি প্ল্যান প্রস্তুত করে ডিসেম্বরের মধ্যে শুদ্ধাচার কমিটির সভাপতি বরাবরে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । |
| ৩. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক সভা আহবানের বিষয়ে আলোচনা ; | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি এবং বাউবির শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের মধ্যে আত্ম-চেতনা জাগ্রত করার উদ্দেশ্যে বিভিন্ন স্কুল, বিভাগ, সেল, শাখা. উইং ,কেন্দ্র আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র হতে প্রাপ্ত দুর্নীতি এবং শুদ্ধাচার বিষয়ক বাণী, উক্তি, স্লোগানসমূহ সর্ম্পকে বিস্তারিত আলোচনা হয়। | - জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি এবং বাউবির শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের মধ্যে আত্ম-চেতনা জাগ্রত করার উদ্দেশ্যে বিভিন্ন স্কুল, বিভাগ, সেল, শাখা. উইং ,কেন্দ্র আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র হতে প্রাপ্ত দুর্নীতি এবং শুদ্ধাচার বিষয়ক বাণী, স্লোগান ও উক্তির তালিকা প্রস্তুত করে এগুলোর সাহায্যে প্লে-কার্ড প্রস্তুত করে একটি র‍্যালি করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। এবং র‍্যালি শেষে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক সভার আয়োজনের বিষয়ে সকলে একমত পোষণ করেন।<br><br>- শুদ্ধাচার, দুনীর্তি এবং শিক্ষা উন্নয়নের জন্য নির্বাচিত বাণী, উক্তি ও স্লোগানসমূহ বাউবির গাজীপুর মূল ক্যাম্পাসে, আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রে বিভিন্ন গেটে, দেয়ালে, এবং বিভিন্ন স্থানে প্রদর্শন করার সুপারিশ করা হয়। |
| ৪. | একাউন্টটেবিলিটি নিশ্চিত করার জন্য সেমিনার বা ওয়ার্কশপ করার বিষয়ে আলোচনা | একাউন্টটেবিলিটি নিশ্চিত করার জন্য সেমিনার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | একাউন্টটেবিলিটি নিশ্চিত করার জন্য ডিসেম্বরের মধ্যে একটি সেমিনার করার বিষয়ে রূপরেখা প্রণয়ণের জন্য প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক, ওপেন স্কুল এবং ড. মো: জাকিরুল ইসলাম, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল-কে দায়িত্ব প্রদান করা হয়। তাঁরা সেমিনার অনুষ্ঠানের একটি রূপরেখা প্রণয়ণ করে যত দ্রুত সম্ভব কমিটির সভাপতির নিকট পেশ করবেন। |
| ৫. | শুদ্ধাচার | এবিষয়ে বিস্তারিত আলোচনা | ২০২১-২০২২ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত এপিএ এর জন্য |

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা/ সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | বাস্তবায়নের জন্য ২০২১-২০২২ অর্থবছরের বাজেটের পরিকল্পনা সংক্রান্ত আলোচনা | হয় | অনুমোদিত বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারের জন্য ব্যয় করার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং পরবর্তীতে সংশোধিত বাজেটে এপিএ-এর জন্য বরাদ্দকৃত অর্থের সংকুলান না হলে প্রশিক্ষণবাবদ বাউবির বাজেট বরাদ্দ হতে ব্যয় করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

NAkht
০১-১২-২০২১

**নাজনীন আখতার**
যুগ্ম-পরিচালক (কাউন্সিল)
ও
সদস্য-সচিব, শুদ্ধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**অধ্যাপক মোস্তফা আজাদ কামাল**
ট্রেজারার ও ডিন, স্কুল অব বিজনেস
এবং
সভাপতি, শুদ্ধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।